

P  
AA  
১/১০/২০২১



## ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

নগর ভবন, ঢাকা।

www.dscc.gov.bd

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

স্মারক নম্বর : ৪৬.২০৭.০০০.০৩.০৩.২৮৭৫.২০২০-৫৬৮

তারিখ : ২০ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

### লিখিত পরীক্ষার বিজ্ঞপ্তি

জাতীয় দৈনিক পত্রিকায় প্রকাশিত ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ০২.১১.২০২০ খ্রি. তারিখের ৪৬.২০৭.০০০.০৩.০৩.২৮৭৫.২০২০-৫৬৮ নম্বর স্মারকে বিজ্ঞপ্তির মাধ্যমে পরিচালনা পরিদর্শক পদের বিপরীতে টেলিটক বাংলাদেশ লিমিটেড এর কারিগরি সহযোগিতায় অনলাইনে প্রাপ্ত আবেদনকারীদের লিখিত পরীক্ষা স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী গ্রহণ করা হবে :

পদ নাম	লিখিত পরীক্ষার তারিখ, বার ও সময়	কেন্দ্র/ উপকেন্দ্র
পরিচালনা পরিদর্শক	১৬.১০.২০২১ খ্রি. তারিখ, শনিবার বেলা: ১১.০০ টা হতে ১২.০০ টা পর্যন্ত	কেন্দ্র: ঢাকা মহানগর মহিলা কলেজ লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা-১১০০ উপকেন্দ্র: ঢাকা গভর্নমেন্ট মুসলিম হাই স্কুল লক্ষ্মীবাজার, সূত্রাপুর, ঢাকা-১১০০

- ০২। পরীক্ষায় অংশগ্রহণের জন্য পরীক্ষার্থীগণ তাদের স্ব-স্ব প্রবেশপত্র ১০ অক্টোবর, ২০২১ খ্রি. তারিখ হতে এ ওয়েবসাইট <http://dscc.teletalk.com.bd> মাধ্যমে সংগ্রহ করতে পারবেন। প্রবেশপত্র ব্যতীত কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না।
- ০৩। পরীক্ষার্থীগণকে অবশ্যই স্বাস্থ্যবিধি প্রতিপালনপূর্বক মাস্ক পরিধান করে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে হবে। মাস্ক ছাড়া কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেয়া হবে না। পরীক্ষার্থীদের জন্য অনুসরণীয় অন্যান্য নির্দেশনা প্রবেশপত্রে উল্লেখ থাকবে।
- ০৪। Online -এ প্রবেশপত্র পেতে কোনো সমস্যা হলে ১২১ নম্বরে অথবা [vas.query@teletalk.com.bd](mailto:vas.query@teletalk.com.bd) ইমেইলে যোগাযোগ করা যাবে।
- ০৫। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোনো প্রকার টি এ/ ডি এ প্রদান করা হবে না।

(আকরামুজ্জামান)

সচিব

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

স্মারক নম্বর : ৪৬.২০৭.০০০.০৩.০৩.২৮৭৫.২০২০-

তারিখ : ২০ আশ্বিন ১৪২৮ বঙ্গাব্দ  
৫ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। মেয়রের একান্ত সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য)।
- ২। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। সিস্টেম এনালিস্ট, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন [এ বিজ্ঞপ্তি সংস্থার ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন [এ বিজ্ঞপ্তি বহুল প্রচারিত ২ টি বাংলা ও ১ টি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৫। জনাব মো. আল-রাজ্জাকুজ্জামান, ডেপুটি জেনারেল ম্যানেজার, মার্কেটিং এন্ড ভ্যাস, টেলিটক বাংলাদেশ লিমিটেড, রাজউক ভবন (১০ম তলা), গুলশান-১, ঢাকা [এ বিজ্ঞপ্তি ওয়েবসাইটে (<http://dscc.teletalk.com.bd>) প্রকাশের ব্যবস্থা গ্রহণ এবং পরীক্ষার সময়সূচি পরীক্ষার্থীদের স্ব-স্ব মোবাইল ফোনে এসএমএস মাধ্যমে জানানোর অনুরোধসহ (বিষয়টি জরুরী)]।
- ৬। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন (তিনি এ বিজ্ঞপ্তি নগর ভবন নোটিশ বোর্ডে সাটানোর ব্যবস্থা গ্রহণ করবেন)।
- ৭। অফিস কপি (নথি নম্বর- ৪৬.২০৭.০০০.০৩.০৩.২৮৭৫.২০২০, তারিখ : ১৭.০৬.২০২০)।

(মোহাম্মদ শাহজাহান)

সহকারী সচিব

সংস্থাপন শাখা-২

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন

প্রাপ্তি আইসিটি সেবা  
তারিখ- ৫/১০/২১